

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল



স্মারক নং - বশিবো/ কলেজ/ অনু: ২০২২/ ৯৮২

তারিখ : ১৬.০২.২০২২

বিষয় : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অন-লাইনের মাধ্যমে কলেজে ভর্তির অনুমতিপ্রাপ্ত শিক্ষার্থীদের, কলেজে ভর্তির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে -

০১. xiclassadmission.gov.bd এই ঠিকানায় ১৮.০২.২০২২ তারিখে ভর্তির সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের ফলাফল দেয়া হবে। এই ফলাফল ডাউনলোড করে কলেজ কর্তৃপক্ষকে কলেজের দৃশ্যমান একাধিক স্থানে টানিয়ে দিতে হবে।

০২. রেজাল্ট সিরিয়াল (ফলাফলের ক্রম) অনুযায়ী শিক্ষার্থীদের ভর্তি করতে হবে। ভর্তির ক্ষেত্রে কোনক্রমেই রেজাল্ট সিরিয়াল ব্রেক/ অতিক্রম বা অবনমন করা যাবে না। উল্লেখ্য, বুয়েট কর্তৃক প্রদত্ত ভর্তির তথ্যের মাধ্যমে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। সে ক্ষেত্রে বুয়েট কর্তৃক প্রদত্ত তথ্য সিরিয়ালের বাইরে কোন কলেজ কর্তৃক তথ্য প্রেরিত হলে সে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন হবে না।

০৩. ভর্তির সময়ে কলেজ কর্তৃপক্ষকে সেশন ফি, উন্নয়ন ফি, ভর্তি ফি যে নামেই অভিহিত করা হোক না কেন- নিম্নোক্ত হারে গ্রহণ করতে হবে। এর অন্যথা হলে সংশ্লিষ্ট কলেজের এমপিও বাতিল সহ পাঠদান অনুমতি/স্বীকৃতিও বাতিল করা হবে। সরকারি কলেজের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের কাছে অভিযোগ প্রেরিত হবে।


***এমপিও ভুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে : এমপিও ভুক্ত প্রতিষ্ঠান কোনক্রমেই উন্নয়ন ফি গ্রহণ করতে পারবে না।

মেট্রোপলিটন		জেলা শহর		উপজেলা/ মফস্বল		মন্তব্য
বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান	
৩০০০/	৩০০০/	২০০০/	২০০০/	১৫০০/	১৫০০/	

***নন এমপিও ভুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে :

মেট্রোপলিটন		জেলা শহর		উপজেলা/ মফস্বল		মন্তব্য
বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান	
৫০০০/	৬০০০/	৩০০০/	৪০০০/	২৫০০/	৩০০০/	

*** সরকারি কলেজ সমূহ সরকারি পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ফি সংগ্রহ করবে।


প্রফেসর মোহাম্মদ ইউনুস # ৬৯৪৭

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

মোবাইল: ০১৭১১৫৪৬৯৫৩

bsrisalboard@gmail.com